

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং ৪ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২২.১৮-১০

তারিখঃ ০৪.০১.২০১৮খ্রিঃ।

বিষয়: দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া ফাযিল মাদরাসা, দাউদকান্দি, কুমিল্লা-এর শিক্ষক কর্মচারীদের সেপ্টেম্বর, ২০১৭ ও অক্টোবর, ২০১৭খ্রিঃ মাসের বেতন ভাতা উত্তোলনের সময় সীমা বৃদ্ধির অনুমোদন।

সূত্র: দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া ফাযিল মাদরাসার অধ্যক্ষ এর আবেদন।

তারিখ: ১৪.১২.২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া মাদরাসা, দাউদকান্দি, কুমিল্লা-এর শিক্ষক কর্মচারীদের অনুকূলে সেপ্টেম্বর, ২০১৭ ও অক্টোবর, ২০১৭খ্রিঃ মাসের বেতন ভাতার সরকারি অংশ বাবদ মঞ্জুরকৃত টাকা=১০,৭৬,৯০২/- (দশ লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত দুই) টাকা মাত্র নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে না পারায় অত্র অধিদপ্তরে সময়সীমা বৃদ্ধির আবেদন করেন।

উক্ত আবেদনের সাথে ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, দাউদকান্দি শাখা, কুমিল্লা কর্তৃক অনুত্তোলন সনদ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া ফাযিল মাদরাসার, দাউদকান্দি, কুমিল্লা-এর শিক্ষক কর্মচারীদের সেপ্টেম্বর, ২০১৭ ও অক্টোবর, ২০১৭খ্রিঃ মাসের অনুত্তোলিত বেতন ভাতা মোট=১০,৭৬,৯০২/- (দশ লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত দুই) টাকা মাত্র নিম্নবর্ণিত শর্তে উত্তোলনের অনুমতি দেওয়া হলো:

- (১) এই টাকা বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (৭২৮৪) খাতের ২০১৭-২০১৮ অর্থ বছরের অব্যয়িত অর্থ হতে প্রদান করতে হবে;
- (২) এই অর্থ আগামী ২৫.০১.২০১৮ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন করতে হবে;
- (৩) অর্থে উত্তোলনের ক্ষেত্রে প্রচলিত সকল বিধি বিধান অনুসরণ করতে হবে;
- (৪) ভবিষ্যতে একই ধরনের অনুত্তোলনের ঘটনা গোচরীভূত হলে এই জাতীয় অনুমোদন দেওয়া হবে না।

সংযুক্তি:-

- ১। ব্যবস্থাপক, জনতা ব্যাংক দাউদকান্দি শাখা, কুমিল্লা-কর্তৃক অনুত্তোলন সনদ।
- ২। বর্ণিত মাদরাসার জুলাই, ২০১৭ মাসের এমপিও শীট।
- ৩। বর্ণিত মাদরাসার সেপ্টেম্বর, ২০১৭ মাসের এমপিও শীট।
- ৪। বর্ণিত মাদরাসার সেপ্টেম্বর ২০১৭ ও অক্টোবর ২০১৭ মাসের প্রস্তুতকৃত বেতন বিলের কপি।


(মোঃ এনাশুল হক)

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪৯৩৫৭০৫৯

ই-মেইল-dgdmeb@gmail.com

উপ-মহাব্যবস্থাপক

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, : দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া ফাযিল মাদরাসা, দাউদকান্দি, কুমিল্লা
- ২। ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, দাউদকান্দি শাখা, কুমিল্লা।
- ৩। অফিস কপি।